ভারতে বিটি জাত পণ্যের উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা

DO NOT PRINT

DO NOT PRINT

ভারতে বিটি জাত পণ্যের উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা

DO NOT PRINT

সৌজন্যে
টক্সিক্স লিঙ্ক , নিউ দিল্লি

Toxics Link
for a toxics-free world

সতর্কবার্তা / দাবিত্যাগ

এই নির্দেশিকায় দেওয়া তথ্যগুলি ভারত সরকার এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারের দ্বারা বিভিন্ন সময়ে জারি করা বিভিন্ন আইন, নিয়মাবলী, আদেশ এবং নির্দেশাবলীর থেকে এক জায়গায় একত্রিত করা হয়েছে। এই নির্দেশিকাটি 2021-22 সালে্ খসড়া করা হয়েছে। এই নথিটি একটি অনানুষ্ঠানিক রেফারেন্স হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে, তাই, এই নির্দেশিকাগুলি কোনও নিয়মাবলীর প্রয়োজনীয়তা প্রতিস্থাপন করে না। এছাড়াও, শুধুমাত্র বিভিন্ন নিয়ম নীতিগুলি সনাক্ত করে পরামর্শ প্রদানের উদ্দেশ্যে এই দস্তাবেজে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে "নির্দেশনা," "হতে পারে," "উচিত", এবং "সম্ভব" এর মতো অনাদেশিক শব্দের ব্যবহার করা হয়েছে ফলত এটি কোনও নতুন আন্তর্জাতিক, জাতীয়, আঞ্চলিক, রাষ্ট্রীও, স্থানীয় আইনের আইনি বাধ্যবাধকতা তৈরি বা আইনের আঙ্গিক কে সীমাবদ্ধ বা প্রসারিত করে না।

DO NOT PRINT

সূচীপত্র

সার-সংক্ষেপ **2**

সতর্কবার্তা **3**

স্বীকৃতি **4**

সংক্ষেপণ **5**

ভারতে বিটি জাত পণ্যের উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীর জন্য নির্দেশিকা 6

1. বিটি জাত পণ্যের উৎপাদক তথা রপ্তানিকারকের জন্য নির্দেশিকা **6**

1.1 ভারতে বিটি জাত জৈবলার্ভানাশক উৎপাদনের আইনি প্রয়োজনীয়তা 6

1.1.1 CIB&RCর কাছে বিটি-জাত জৈবলার্ভানাশকের নথিভুক্তিকরণ 9

1.1.2 চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ 10

1.1.3 বিটি-জাত জৈবলার্ভানাশকের গুণগত মান বজায় রাখার নির্দেশিকা 11

1.2 বিটি-জাত জৈবলার্ভানাশকের প্রযুক্তিগত বৈশিষ্ট্যর সঙ্গে সমন্বয় রক্ষা 11

1.3 ট্রিটমেন্ট, পরিবহণ এবং সংরক্ষণের পদ্ধতি 11

2. বিটি-জাত পণ্য (বিটি-জৈবলার্ভানাশকের) রেজিস্ট্রেশন হোল্ডারদের জন্য নির্দেশিকা **12**

2.1 NVBDCPর জনস্বাস্থ্য প্রকল্পে নথিভুক্ত বিটি-জৈবলার্ভানাশকের সংযুক্তিকরণ 13

2.2 রেজিস্ট্রেশন হোল্ডারদের দ্বারা জনস্বাস্থ্য প্রকল্পের মাধ্যমে বিটি-জৈবলার্ভানাশকের বানিজ্যিকীকরণ 14

3. বিটি-জাত পণ্য ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা **15**

পরিশিষ্ট 17

তথ্যসূত্র 20

চিত্রের তালিকা

চিত্র 1. ভারতে একটি নতুন ব্যবসা/কারখানা স্থাপনের প্রয়োজনীয় প্রক্রিয়া 9

চিত্র 2. NVBDCP এর অধীনে জনস্বাস্থ্য কর্মসূচিতে বিটি-জাত জৈবলার্ভানাশকের অন্তর্ভুক্ত করার পদক্ষেপ 15

DO NOT PRINT

সার সংক্ষেপ

ভারত সরকার 2002 সালের মে মাসে পারসিসটেন্ট অর্গানিক পল্যুট্যাণ্ট (পপ) সংক্রান্ত স্টকহোম চুক্তি সই করেছিল এবং পরবর্তীকালে 2006 এর 13 ই জানুয়ারী এই চুক্তিটি অনুমোদন করে 2004 সালে, যবে থেকে এই স্টকহোম চুক্তিটি কার্যকর হয়েছে, তখন থেকেই ডাইক্লোরোডাইফিনাইলট্রাইক্লোরোইথেন (DDT) পপস হিসাবে মনোনীত হয়েছে। যদিও, ভারত এবং অন্যান্য কিছু দেশ পতঙ্গ নিয়ন্ত্রণের ক্ষেত্রে এই DDT ব্যবহারে ছাড় চেয়েছে। ভারত বরাবরই DDT উৎপাদনের ক্ষেত্রে প্রথমসারিতে থেকেছে এবং এখনও ভারতে DDT উৎপাদন অব্যাহত। রাষ্ট্রীয় মালিকানাধীন হিন্দুস্তান ইন্সেকটিসাইডস লিমিটেড (HIL) সারা বিশ্বে DDTর একমাত্র অনুমোদিত উৎপাদক। ভারত সরকার স্টকহোম চুক্তির দায়বদ্ধতা হিসেবে 2011 সালে ন্যাশনাল ইমপ্লিমেনটেশন প্ল্যান (NIP) জমা করে। সেই NIPতে ধীরে ধীরে DDT ফেজ আউট করার এবং একই সাথে DDTর বিকল্প হিসেবে নন-পারসিসটেন্ট অর্গানিক পল্যুট্যাণ্ট (নন পপস) তৈরি করা এবং তার প্রচার করার একটি রূপরেখা দেওয়া হয়েছে। NIP পরবর্তী সময়ে এই বিকল্পের প্রচারকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে যা অবিলম্বে মনোযোগ এবং পদক্ষেপের দাবী রাখে।

ভারতে, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অন্তর্গত ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোলের (NCVBDC) ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (NVBDCP) ম্যালেরিয়া ভেক্টর নিয়ন্ত্রণে মহামারীর প্রভাব এবং কীটনাশকের প্রতিরোধক হিসেবে DDTর ব্যবহার করছে। কিন্তু যেহেতু ভারত DDT ফেজ আউটে প্রতিশ্রুতিবদ্ধ, তাই ভারত সরকার তাদের NVBDCP কর্মসূচীর মাধ্যমে ইন্টিগ্রেটেড ভেক্টর পেস্ট ম্যানেজমেন্ট (IVPM) ভিত্তিক বিকল্প বাহক নিয়ন্ত্রণ কৌশলকে প্রাধান্য দিচ্ছে। IVPM এর অন্তর্ভুক্ত উল্লিখিত উদ্যোগগুলি হল জৈবিক নিয়ন্ত্রণ, রাসায়নিক নিয়ন্ত্রণ, এবং পরিবেশের সুব্যবস্থাপনা, অথবা, আইনি ব্যবস্থা এবং বিকল্প পন্থার সংমিশ্রণে এই সবগুলিকে একসাথে কার্যকরী করা।

স্টকহোম চুক্তির দায়বদ্ধতা হিসেবে DDTর পরিবেশ বান্ধব বিকল্প এনে DDT ফেজ আউট করার উদ্দেশ্য বর্তমানে ভারত সরকার গ্লোবাল এনভায়রনমেন্ট ফেসিলিটির (GEF) একটি প্রকল্প, যার নাম, "ডেভেলপমেন্ট অ্যান্ড প্রোমোশন অফ নন-পপস অল্টারনেটিভ টু DDT" এর বাস্তবায়ন করছে। সেই কারণেই, এই নির্দেশিকাটি উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য তৈরি করা হয়েছে যার সাহায্যে তারা DDTর বিকল্প ব্যবহারের আইনি দিকগুলো মেনে চলতে পারে এবং DDTর পরিবর্তে পরিবেশবান্ধব বিকল্প বেছে নেওয়া সঠিকভাবে সম্পন্ন হয়। এই নির্দেশিকাটির মূল উদ্দেশ্য হল জৈব এবং উদ্ভিদজাত কীটনাশক এবং অন্যান্য স্থানীয় ভাবে উপযোগী, খরচ কার্যকর ও টেকসই যে বিকল্পগুলি রয়েছে, যেমন লঙ লাস্টিং ইনসেকটিসাইডাল নেট (LLIN), বিটি-জাত দ্রব্য এবং নিম-জাত দ্রব্যকে নিয়ে আসার সহজ উপায় স্থির করা। এই ধরণের বিকল্পগুলি, DDTর উপর নির্ভরশীলতা কমানো এবং শেষ পর্যন্ত তাকে পুরোপুরি নিষ্কাশন করে দেওয়া, যা হবে খাদ্য নিরাপত্তা, জীবিকা, মানুষের স্বাস্থ্য এবং পরিবেশের রক্ষার প্রথম পদক্ষেপ।

এই নির্দেশিকায় দেওয়া তথ্যগুলি উপযোগী আইন, অন্যান্য সরকারি সূত্র এবং বিভিন্ন স্টেকহোল্ডারের সঙ্গে আলোচিত মূল্যবান মতামতের ভিত্তিতে সংযোজিত করা হয়েছে। এই স্টেকহোল্ডারদের মধ্যে উল্লেখযোগ্য হল সরকারি সংস্থা যেমন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়, ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC), ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC), আয়ুশ মন্ত্রণালয়, ছত্তিসগড়, পাঞ্জাব, ওডিশা এবং পশ্চিমবঙ্গের রাজ্যস্তরীয় ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোলের কর্মীবৃন্দ, এবং উৎপাদক যেমন HIL(ইন্ডিয়া) লিমিটেড, অজয় বায়োটেক (ইন্ডিয়া) লিমিটেড এবং ভেস্তারগার্ড।

DO NOT PRINT

স্বীকৃতি

টক্সিক্স লিংক ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্ট প্রোগ্রাম (UNEP) কে আন্তরিক ধন্যবাদ জানায় যে DDT র ব্যবহার বন্ধ হওয়ার প্রেক্ষাপটে ভেক্টর নিয়ন্ত্রণের জন্য বিকল্প পণ্যগুলিতে প্রযোজক, নিবন্ধন ধারক এবং ব্যবহারকারীদের জন্য এই নির্দেশিকা নথি প্রস্তুত করার কাজটি অর্পণ করার জন্য। এই নথিটি গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (GEF) প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ উপাদান যার শিরোনাম "ডেভেলপমেন্ট অ্যান্ড প্রোমোশন অফ নন-পপস অল্টারনেটিভ টু DDT"

এই প্রকল্প বাস্তবায়নে শুরু থেকে সহায়তার জন্য আমরা আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রককে (MoEF&CC) ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর স্বাস্থ্য পরিষেবা মহাপরিচালককে/অধিদপ্তর, ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রককে । আমরা বিশেষ ধন্যবাদ জানাতে চাই ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর বাহক নিয়ন্ত্রন বিশেষজ্ঞ ড. কল্পনা বড়ুয়াকে, তার প্রযুক্তিগত সহায়তার জন্য এবং বিভিন্ন রাজ্যগুলিতে আমাদের সফরের ব্যাবস্থা করে দেওয়ার জন্য। দস্তাবেজে প্রয়োজনীয় মতামত এবং পরামর্শের জন্য আমরা কেন্দ্রীয় কীটনাশক বোর্ড এবং নিবন্ধন কমিটি (CIB&RC), ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস এবং ভারত সরকারের আয়ুশ মন্ত্রকের প্রতিনিধিদের কাছেও কৃতজ্ঞ।

পরিদর্শনের সময় লজিস্টিক সহায়তা প্রদানের জন্য আমরা ছত্তিশগড় এবং পাঞ্জাব সরকারের স্বাস্থ্য বিভাগকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। প্রাথমিকস্তরে স্টেকহোল্ডারদের সাথে আলোচনার সময় ছত্তিশগড় এবং পাঞ্জাবের রাজ্য VBDCP আধিকারিক এবং বস্তার, ছত্তিশগড় এবং ময়ুরভঞ্জ, ওডিশার জেলা প্রোগ্রাম আধিকারিকদের দেওয়া মতামতগুলিও অনস্বীকার্য।

আমরা নথি তৈরির ক্ষেত্রে HIL(ইন্ডিয়া) লিমিটেড, অজয় বায়োটেক (ইন্ডিয়া) লিমিটেড এবং ভেস্তারগার্ড থেকে প্রাপ্ত মূল্যবান মতামত গুলিও স্বীকার করি। স্টেকহোল্ডারদের সাথে বৈঠকের সময়, আমরা কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, UNIDO, CSIR-NEERI, নাগপুর এবং রাজ্য VBDCP আধিকারিকদের, রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ডের আধিকারিকদের, রাজ্যের কৃষি বিভাগের আধিকারিকদের, NGO এবং ওড়িশা ও পশ্চিমবঙ্গের অন্যান্য ভেক্টর নিয়ন্ত্রণ বিশেষজ্ঞদের কাছে তাদের মতামত এবং পরামর্শের জন্য কৃতজ্ঞ। আমরা ড. প্রদীপ কে. শ্রীবাস্তব (প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর, NVBDCP) দ্বারা প্রদত্ত প্রযুক্তিগত জ্ঞান এবং সহায়তাকেও স্বীকার করতে চাই, যা নথিগুলিকে চূড়ান্ত আকার দিতে সাহায্য করেছে।

আমরা টক্সিক্স লিঙ্কের সহকর্মীদের সহায়তা স্বীকার করি যারা এই নথিগুলি চূড়ান্তকরণের জন্য প্রশাসনিক এবং প্রযুক্তিগত সাহায্য করেছে।

DO NOT PRINT

সংক্ষেপণ

BIS	ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড
Bt	ব্যাসিলাস থুরিনযিয়েনসিস
CIB&RC	সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি
CMSS	সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিসেস সোসাইটি
DDT	ডাইক্লোরোডাইফিনাইলট্রাইক্লোরোইথেন
DPIIT	ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড
GMO	জেনেটিকালি মডিফায়েড অরগ্যানিসম
ICMR	ইন্ডিয়ান কাউন্সিল ফর মেডিকাল রিসার্চ
IEC	ইনফরমেশন, এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন
IS	ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড
MOHFW	স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়
NCDC	ন্যাশনাল সেন্টার ফর ডিসিজ কন্ট্রোল
NCVBDC	ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল
NVBDCP	ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম
PPQS	ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেনটাইন অ্যান্ড স্টোরেজ
WHO	ওয়ার্ল্ড হেলথ অরগানাইযেশন/ বিশ্ব সাস্থ্য সংস্থা
WHOPES	ওয়ার্ল্ড হেলথ অরগানাইযেশন পেস্টিসাইড ইভ্যালুয়েশন স্কিম

DO NOT PRINT

ভারতে বিটি জাত পণ্যের উৎপাদক, রেজিস্ট্রেশন হোল্ডার এবং ব্যবহারকারীদের জন্য নির্দেশিকা

বিটি-জাত জৈব লার্ভানাশক সহ যেকোনো রকমের জৈব কীটনাশক, ভারতের **কীটনাশক আইন, 1968 এবং কীটনাশক বিধি, 1971** দ্বারা নিয়ন্ত্রিত। বিটি-জাত জৈব লার্ভানাশকের উৎপাদক এবং অনুমোদন গ্রাহককে, উৎপাদন এবং অনুমোদনের বিভিন্ন পর্যায়ে এই আইন এবং বিধি মেনে চলতে হবে। এই আইন এবং বিধিতে প্রদত্ত কিছু গুরুত্বপূর্ণ বিধান এই সহায়িকার বিভিন্ন অধ্যায়ে সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

কীটনাশক আইন, 1968 র মূল লক্ষ্য হল কীটনাশকের আমদানি, উৎপাদন, বিক্রয়, এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া, বণ্টন এবং ব্যবহারকে নিয়ন্ত্রণ করে মানুষ এবং পশু পাখীর উপর সম্ভাব্য বিপদ এবং তার সাথে যুক্ত অন্যান্য বিষয়গুলিকে প্রতিরোধ করা।

ধারা 9 এ বিটি-জাত জৈব লার্ভানাশক সহ অন্যান্য সব রকম কীটনাশকের নথিভুক্তিকরণের বিস্তারিত বিধান দেওয়া আছে।

ধারা 10 এ নথিভুক্তিকরণে বাধা অথবা বাতিল হয়ে যাওয়ার বিরুদ্ধে উৎপাদকের আবেদন করার নিয়মাবলী দেওয়া আছে

ধারা 13 কীটনাশক উৎপাদন এবং কীটনাশকের বিক্রয়ের জন্য অনুমতিপত্র বা শংসাপত্র সংক্রান্ত বিবরণ প্রদান করে

ধারা 14 য়, ধারা 13 এ জারি করা উৎপাদন সংক্রান্ত অনুমতিপত্রের বাতিল, তাকে আটকে রাখা এবং তার সংশোধন সংক্রান্ত নিয়মাবলী লিখিত আছে

ধারা 17 কিছু কীটনাশকের আমদানি এবং উৎপাদন সংক্রান্ত নিষেধাজ্ঞা

কীটনাশক বিধি, 1971 এ উৎপাদক এবং অনুমোদন গ্রাহকের জন্য লিখিত সংশ্লিষ্ট নিয়মাবলীগুলি হলঃ

অধ্যায় 3 - কীটনাশকের নথিভুক্তকরণ (নথিভুক্তকরণের প্রক্রিয়া এবং নথিভুক্তকরণ কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল)

অধ্যায় 4 - কীটনাশক উৎপাদনের এবং কীটনাশক বিক্রয়ের অনুমতিপত্র/ শংসাপত্র প্রদান, অনুমতির শর্তাবলী ইত্যাদি

অধ্যায় 5 - কীটনাশকের প্যাকেটজাতকরণ এবং চিহ্নিতকরণ

অধ্যায় 7 - রেল, রোড কিংবা জলপথে কীটনাশকের পরিবহন এবং পরিবহণের সময়ে সেগুলি সংরক্ষণ করে রাখা।

অধ্যায় 9 - বিবিধ শর্তাবলী, কীটনাশকের নথিভুক্তকরণের জন্য আবেদনপত্র এবং শংসাপত্রের ফর্ম, **কীটনাশক আইন, 1968** র ধারা অনুসারে আপীল, কীটনাশক উৎপাদনের জন্য অনুমতিপত্র প্রদানের আবেদন, কীটনাশক বিক্রয়ের জন্য অনুমতিপত্র প্রদানের আবেদন, অথবা কীটনাশক বিক্রি এবং বণ্টনের জন্য দেখানো ইত্যাদি।

DO NOT PRINT

1. বিটি জাত দব্য (বিটি- জৈবলার্ভানাশক) এর উৎপাদক ও রপ্তানিকারকদের জন্য নির্দেশিকাঃ

বিশ্বব্যাপী, ব্যাসিলাস থুরিনযেনসিস (বিটি) জাত জৈবকীটনাশকগুলি ম্যালেরিয়া সহ অন্যান্য বাহকের নিয়ন্ত্রণে কার্যকর বলে প্রমাণিত হয়েছে। ভারতে ইতিমধ্যে, ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (NVBDCP) এর অধীনে, বিটি-জাত জৈবলার্ভানাশকগুলিকে ম্যালেরিয়া নিয়ন্ত্রণে ব্যবহারের জন্য কার্যকরী লার্ভানাশক হিসাবে সুপারিশ করা হয়েছে। এই জৈবলার্ভানাশকগুলি পরিবেশ-বান্ধব এবং ম্যালেরিয়া নিয়ন্ত্রণেরর জন্য DDT-র বিকল্প হিসাবে শহরের পরিকাঠামোয় পর্যাপ্ত পরিমাণে ব্যবহার করা যেতে পারে । ভারত যেহেতু DDT বন্ধ করার জন্য উন্মুখ, তাই ভারতের বাহক নিয়ন্ত্রণ কার্যাবলীর সম্ভাব্য চাহিদা বিবেচনা করলে, জৈবলার্ভানাশকগুলির নতুন উৎপাদকদের পাশাপাশি রপ্তানিকারকদের জন্যও ভারতে বিপুল সুযোগ তৈরি হচ্ছে। তাই ভারতে বিটি জাত দব্যের ব্যাবসা করার জন্য উৎপাদক ও রপ্তানিকারকদের প্রয়োজনীয় নিয়মাবলী জানা অত্যন্ত জরুরী।

ভারত সরকারের **কীটনাশক আইন, 1968** এবং **কীটনাশক বিধি, 1971** অনুসারে দেশীয় উৎপাদন ও ব্যবহারের নিরিখে, ভারতে বিটি-জৈবলার্ভানাশক কারখানা স্থাপন বা রপ্তানি, উভয়ের জন্যই উৎপাদকদের, তাদের বিটি-জৈবলার্ভানাশকগুলি ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেনটাইন অ্যান্ড স্টোরেজে (PPQS) এর অন্তর্ভুক্ত সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC) তে নথিভুক্তকরনের প্রয়োজন।

এই বিটি জৈবলার্ভানাশকগুলির বাধ্যতামলূকভাবে CIB&RCর অধীনে নথিভুক্তকরণ ছাড়াও, উৎপাদন শুরু করার আগে এবং পরে উৎপাদকদের সঠিক নিয়ন্ত্রনবিধি মেনে চলতে হবে। উৎপাদকরা একইসাথে জৈবলার্ভানাশকের নথিভুক্তিকরণ ও কারখানা তৈরির জন্য প্রয়োজনীয় ছাড়পত্রের জন্য আবেদন করতে পারেন। রপ্তানিকারকদেরও রপ্তানির জন্য প্রয়োজনীয় বিধিনিয়ম মেনে চলতে হবে। বর্তমানে আমদানিকৃত বিটি-জৈবলার্ভানাশক সিআইবিএন্ডআরসির দ্বারা নথিভুক্তিকরণ করার অনুমতি নেই, তাই আমদানিকৃত বিটি-জৈবলার্ভানাশক ভারতে বিক্রি করার অনমুতি নেই।

1.1 ভারতে জৈবলার্ভানাশক উৎপাদনের নিয়ন্ত্রনবিধিঃ

- জৈবলার্ভানাশকের কারখানা স্থাপনের জন্য উৎপাদকদের নথিভুক্তকরণের শংসাপত্র ও প্রয়োজনীয় ছাড়পত্র নিতে হবে। উৎপাদকদের কেন্দ্রীয় এবং রাজ্য সরকার উভয় স্তরেরই নিয়ন্ত্রনবিধি মেনে চলতে হবে।

- উৎপাদকের অবশ্যই জানা উচিত যে ভারতে এই ব্যবসা স্থাপনের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি নেওয়া প্রয়োজন; যথা, কারখানাকে তার নামে নথিভুক্ত করা এবং প্রাক-সম্পাদন পর্যায়ে (কারখানা স্থাপনের অনুমোদন নেওয়ার সময়), এবং সম্পাদন পরবর্তী পর্যায়ে (উৎপাদন শুরু হওয়ার আগে) নিয়ন্ত্রনবিধি মেনে চলা। প্রাক-সম্পাদন এবং সম্পাদন পরবর্তী পর্যায়ে জরুরী নিয়ন্ত্রনবিধিগুলির নির্দিষ্ট রূপরেখা পরিকল্পিত ভাবে দেখানো হয়েছে।

DO NOT PRINT



DO NOT PRINT

চিত্র 1. ভারতে একটি নতুন ব্যবসা/কারখানা স্থাপনের প্রয়োজনীয় প্রক্রিয়া

[উপরোক্ত রূপরেখাটি ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড (DPIT) এবং ন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফেসিলিটেশন এজেন্সি (ইনভেস্ট ইন্ডিয়া) র ওয়েবসাইট এ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে টক্সিক্স লিঙ্ক বানিয়েছে।]

- ভারতে নতুন প্রকল্পের জন্য বিভিন্ন প্রয়োজনীয় অনুমোদন ও ছাড়পত্রের তালিকা ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড (DPIIT) এর ওয়েবসাইট থেকে পাওয়া যেতে পারে। এছাড়াও তালিকাটি পরিশিষ্ট-1 এ দেওয়া হয়েছে। প্রয়োজনীয় পদক্ষেপগুলোর বিশদ বিবরণ নিম্নলিখিত ইনভেস্ট ইন্ডিয়া এবং DPIITর ওয়েবসাইটে পাওয়া যেতে পারে.

- ভারত সরকারের **কীটনাশক আইন, 1968 এর 9** নম্বর ধারার বিভিন্ন বিধান অনুসারে ভারতে জৈবলার্ভানাশকের উৎপাদন, বিপনন, বিতরণ ও রপ্তানির আগে প্রত্যেকটি জৈবলার্ভানাশককে ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ PPQS এর অন্তর্ভুক্ত CIB&RCর অধীনে নথিভুক্তকরণের প্রয়োজন।

- বিটি-জৈবলার্ভানাশক, CIB&RCর দ্বারা একবার নথিভুক্ত এবং অনমুমোদিত হলে, কারখানা তৈরির জন্য উৎপাদকদের যথাযত কাগজ দেখিয়ে এবং সরকারি ফি দিয়ে সংশ্লিষ্ট রাজ্যসরকারের কাছ থেকে অনমুমোদনপত্র নিতে হবে। রাজ্যসরকারের থেকে উৎপাদনের অনুমোদনপত্র পেতে হলে উৎপাদকদের অনুজৈবিক জৈবলার্ভানাশক (যেমন, অ্যান্টাগনিস্টিক ছত্রাক, এন্টোমোপ্যাথোজেনিক ছত্রাক, অ্যান্টাগনিস্টিক ব্যাকটেরিয়া, এন্টোমোটক্সিক ব্যাকটেরিয়া) তৈরির জন্য নির্দেশিকা অনুসারে যে ন্যূনতম প্রয়োজনীয় পরিকাঠামোর প্রয়োজন তা তৈরি করতে হবে। যাইহোক, বিভিন্ন পদ্ধতিতে এবং বিভিন্ন পরিমাপে মাইক্রোবায়াল জৈবলার্ভানাশক তৈরি করতে গেলে ভিন্ন ধরনের লোকবল, জমি, এবং যন্ত্রপাতির প্রয়োজন হতে পারে। একই কীটনাশক উৎপাদনের জন্য, যদি উৎপাদকরা অতিরিক্ত কারখানা বসাতে চান তাহলে পিপিকিউএসের ওয়েবসাইটের নিয়মাবলী অনসুরণ করতে পারেন।

- অনমুতিপত্রের জন্য আবেদন করার আগে কীটনাশক উৎপাদকদের অবশ্যই নিজ নিজ রাজ্যসরকারগুলির নিয়মাবলী দেখে নেওয়া উচিত। নিয়ন্ত্রণবিধি বিষয়ে প্রয়োজনীয় তথ্য উৎপাদকরা রাজ্য সরকারের অনুমোদন দপ্তর থেকে সশরীরে বা তাদের সরকারি ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে পারেন। যেমন, মহারাষ্ট্র সরকারের প্রয়োজনীয় নিয়ন্ত্রনবিধিগুলি সংগ্রহ করা যেতে পারে মহারাষ্ট্র ইন্ডাস্ট্রি, ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন সেলের ওয়েবসাইট থেকে।

- উৎপাদনের অনুমোদনপত্র পাওয়ার পর, জৈবলার্ভানাশক বিক্রি করতে হলে মজুত করার, প্রদর্শনের এবং বিতরণের জন্য অনুমোদনপত্র নেওয়া জরুরী। এর জন্য অনুমোদন আধিকারিকের কাছেই আবেদন করতে হবে।

DO NOT PRINT

- যদি একাধিক জায়গা থেকে জৈবলার্ভানাশক বিক্রি করা বা একাধিক জায়গায় মজুত করা হয় তাহলে প্রত্যেকটি আলাদা জায়গার জন্য আলাদা আলাদা আবেদন পত্র জমা করতে হবে এবং প্রত্যেকটি জায়গার জন্য আলাদা অনুমোদন দেওয়া হবে।

- উৎপাদকদের মনে রাখতে হবে যে জৈবলার্ভানাশকের জিনগতভাবে পরিবর্তিত স্ট্রেন অনুমোদিত নয়। বিটি-জৈবলার্ভানাশকে জিনগতভাবে পরিবর্তিত স্ট্রেন ব্যবহার করা হলে তা ফৌজদারি মামলার আওতায় আসতে পারে। নথিভুক্তকরনের আবেদনের সময়ই জৈবলার্ভানাশকের জন্য ব্যবহৃত জীবের জিনগত বিন্যাস উৎপাদককে জমা দিতে হবে।

- দেশে উৎপাদিত জৈবলার্ভানাশক রপ্তানির জন্যও **কীটনাশক আইন, 1968** অনুসারে CIB&RCর থেকে শংসাপত্র নিতে হবে।

1.1.1 বিটি জাত জৈবলার্ভানাশকের CIB&RCর দ্বারা নথিভুক্তকরনঃ

সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি (CIB&RC) এই লার্ভা নাশকের নথিভুক্তকরণের ভারপ্রাপ্ত কমিটি। এরই সঙ্গে এই কমিটি কেন্দ্রীয় সরকার এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারগুলিকেও জৈবলার্ভানাশকের বিভিন্ন প্রযুক্তিগত এবং বিজ্ঞানসম্মত বিষয়ে অবগত করার দায়িত্বপ্রাপ্ত। এই কমিটি ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনস্থ ডিরেক্টরেট অফ প্লান্ট প্রোটেকশন, কোয়ারেনটাইন অ্যান্ড স্টোরেজের (PPQS) অন্তর্ভুক্ত। **কীটনাশক আইন, 1968** এর নিয়মানুযায়ী কীটনাশক নথিভুক্তকরনণের সাধারণ নিয়মাবলী পিপিকিউএসের ওয়েবসাইটে পাওয়া যাবে। এই বিবৃতির শেষে **পরিশিষ্ট-2** এ CIB&RCর সাথে যোগাযোগের বিস্তারিত বিবরণ দেওয়া আছে।

- উৎপাদন, রপ্তানি, বিক্রয় বা বিতরণ যে কারণেই হোক না কেন, **কীটনাশক আইন, 1968 এর 9** নম্বর ধারা অনুযায়ী সব রকমের বিটি জাত জৈবলার্ভানাশকের উৎপাদককে উৎপাদন করার আগে CIB&RCর অধীনে নথিভুক্ত করতে হবে।

- যেকোনো রকমের কীটনাশক এবং বিটি জাত জৈবলার্ভানাশকের নথিভুক্তকরণের যে বিধিনিয়ম **কীটনাশক আইন, 1968 এর ধারা 9** এ লিপিবদ্ধ আছে তা উৎপাদনকারীকে নিরীক্ষণ করে বুঝে নিতে হবে।

- যদি বিটি জাত জৈবলার্ভানাশককে প্রথমবারের জন্য ভারতের বাজারে নিয়ে আসা হয়, সেক্ষেত্রে **ধারা 9 (3 বি)** অনুযায়ী, যতক্ষণ পর্যন্ত যাবতীয় অনুসন্ধান নথিভুক্তকরণ পরিষদের বিচারাধীন আছে, ততক্ষণ পর্যন্ত নথিভুক্তকরণ পরিষদ দুবছরের জন্য অস্থায়ী অনুমোদন দিতে পারে। যখন অস্থায়ী অনুমোদনের মেয়াদ শেষ হয়ে যায়, তখন উৎপাদককে **ধারা 9 (3)** অনুযায়ী স্থায়ী অনুমোদনের জন্য আবেদন করতে হবে। যেকোনো কীটনাশক নথিভুক্তকরণের আবেদনপত্র পিপিকিউএসের ওয়েবসাইটে দেওয়া আছে।

- যদি আবেদনকারীর জমা দেওয়া আবেদনপত্রে স্থায়ী অনুমোদনের জন্য প্রয়োজনীয় যথাযথ তথ্য না থাকে, সেক্ষেত্রেও উৎপাদনকারীকে **ধারা 9 (3 বি)** অনুযায়ী অস্থায়ী অনুমোদন দেওয়া হতে পারে। অস্থায়ী অনুমোদন দু বছরের জন্য দেওয়া হয় যাতে সেই সময়ে যাবতীয় তথ্য জোগাড় করে নেওয়া যায়। অস্থায়ী অনুমোদনের মেয়াদ আরও এক বছরের জন্য বাড়ানো যেতে পারে।

- CIB&RCর কাছে বিটি জাত জৈবলার্ভানাশকের অনুমোদনের জন্য CIB&RCর নিয়মাবলী অনুসারে উৎপাদককে কীটনাশকের রাসায়নিক বৈশিষ্ট্য, এর জৈবিক কার্যকারিতা, ব্যবহৃত বিষাক্ত উপাদান, কিভাবে একে প্যাকেটজাত করা হবে এবং চিহ্নিত করা হবে সেই সব বিষয়ের উপর তথ্য দিতে হয়। **ধারা 9 (3 বি) এবং ধারা 9 (3)** অনুযায়ী নিবন্ধনের নিয়মাবলী পিপিকিউএসের ওয়েবসাইটে দেওয়া রয়েছে ।

DO NOT PRINT

পূর্বে উল্লিখিত নিবন্ধন নিয়মাবলী এন্টোমোটক্সিক জীবাণু সংক্রান্ত পরীক্ষা নিরীক্ষা এবং নমুনা সংগ্রহের জন্য ভারতীয় মাপকাঠি হিসেবেও কাজ করে। বর্তমানে বিটি যুক্ত পণ্য **ধারা 9 (4)** এর অধীনে নিবন্ধনযোগ্য নয়। উৎপাদককে, তাদের কীটনাশকের নিবন্ধন করণের জন্য **কীটনাশক বিধি, 1971 এর তৃতীয় অধ্যায়** এ লিপিবদ্ধ বিধি অনুসরণ করতে হবে।

- আবেদনপত্র জমা হবার পর তার তথ্য সংক্রান্ত পরিপূর্ণতা যাচাই করে দেখার জন্য প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা হয়ে থাকে। উৎপাদকরা নিজেদের আবেদনকে সবদিক থেকে আরও উপযুক্ত করে তোলার জন্য উৎপাদক কে পিপিকিউএসের ওয়েবসাইটে যে চেকলিস্ট দেওয়া রয়েছে, তা পড়ে দেখতে হবে।
- আবেদনপত্র CIB&RCর কাছে জমা হবার পর সাধারণত নিবন্ধন প্রক্রিয়াটি সম্পন্ন হতে 12 থেকে 18 মাস লাগে (এটা সাধারণত নির্ভর করে তথ্যের স্বল্পতা বা পরিপূর্ণতার উপর)। **কীটনাশক আইন, 1968** এর **ধারা 9(3)** অনুযায়ী কীটনাশকের অনুমোদনের জন্য সময়সীমার বিস্তারিত বিবরণ এই বিবৃতির শেষে **পরিশিষ্ট-3** এ উল্লেখ করা হয়েছে।
- **উৎপাদককে** অনুমোদনের **আবেদনপত্র জমা দেবার সময়ে নিজ দায়িত্বে আইনগত অন্তরভুক্তিকরণ করতে হবে যে**, নির্দিষ্ট দ্রব্য যার অনুমোদনের জন্য আবেদন করা হচ্ছে তাতে কোন জিনগত ভাবে পরিবর্তিত জীব (GMO) নেই। যদি কোন নতুন বংশোদ্ভূত জীব কে নথিভুক্ত করতে হয় অথবা কোন পূর্বে নথিভুক্ত করা জীবকে আগে জমা করা হয়নি, সেক্ষেত্রে প্রাক- নথিভুক্তকরণ পরীক্ষা নিরীক্ষা র জন্য দু ধরণের নমুনাই CIB&RCর সচিবালয়ে জমা করতে হবে। একটি নমুনা কেন্দ্রীয় কীটনাশক পরীক্ষাগার ব্যাবহার করবে পণ্যের বৈশিষ্ট্যগত প্রয়োজনীয়তা দেখবার জন্য এবং অন্য নমুনাটি ন্যাশনাল ব্যুরো অফ এগ্রিকালচারালি ইম্পরট্যান্ট মাইক্রোঅর্গানিজম, এর জিনগত বিন্যাস/16 এস আর-ডিএনএ/ফিঙ্গারপ্রিন্টিং পরিবর্তন দেখবার জন্য ব্যাবহার করবে।
- সিআর জারি হয়ে গেলে উৎপাদক নথিভুক্তকরণের নিবন্ধন ধারক হিসেবে চিহ্নিত হয় এবং তখন থেকেই যে সমস্ত শর্তের ভিত্তিতে দ্রব্যের অনুমোদন দেওয়া হয়েছে, উৎপাদককে সেই সমস্ত শর্তাবলী মেনে চলতে হয়। সিআর নামক নথিটি মূলত দ্রব্যের গঠন, সক্রিয় উপাদান, দ্রব্যটির স্থায়িত্বকাল, দ্রব্যটি চিহ্নিত করণের প্রক্রিয়া, প্রয়োগের পরিমাপ, এর ব্যবহার এবং ব্যবহারের সময়ে প্রয়োজনীয় সুরক্ষা সংক্রান্ত সতর্কতার তথ্য প্রদান করে।

1.1.2 প্যাকেটজাতকরণ এবং চিহ্নিতকরণ

চিহ্নিতকরণ এবং প্যাকেটজাতকরণ দুটোই খুবই গুরুত্বপূর্ণ, এবং উৎপাদককেও CIB&RCর দ্বারা স্বীকৃত চিহ্ন যেটা তারা অনুমোদনের শংসাপত্র দেওয়ার সময়ে জারি করেছে, সেটা অনুসরণ করতে হবে। CIB&RCর নির্দেশাবলী অনুসারে চিহ্ন এবং লিফলেট বিভিন্ন ভাষায় ছাপাতে হবে এবং বিক্রি ও বণ্টনের পূর্বে সেই চিহ্ন যে প্যাকেটে পণ্যগুলো যাবে তাতে লাগাতে হবে।

যে সমস্ত উৎপাদক আন্তর্জাতিক নিলামে যোগ দিতে এবং বিটি জাত জৈবলার্ভানাশকের অন্য দেশে রপ্তানিতে ইচ্ছুক, তাদেরকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর নির্দেশাবলী অনুসরণ করতে হতে পারে, এবং পণ্যের ভালোভাবে চিহ্নিতকরণ সম্পর্কে WHO-এর সুপারিশগুলি জানবার জন্য তারা WHO-এর ওয়েবসাইটের পাবলিকেশনের পাতাটি অনুসরণ করতে পারেন।

তথ্যসূত্র

[গাইডলাইনস অন গুড লেবেলিং প্রাকটিস ফর পেস্টিসাইড. ইন্টারন্যাশনাল কোড অফ কন্ডাক্ট অন পেস্টিসাইড ম্যানেজমেন্ট]

DO NOT PRINT

1.1.3 বিটি জাত জৈবলার্ভানাশকের গুনমাণ বজায় রাখার নির্দেশিকা

উৎপাদকরা CIB&RCর কাছে জৈবলার্ভানাশকের নথিভুক্তকরণের সময়ে কাঁচামাল এবং পণ্যের যে গুণগত বিবরণ দিয়েছেন, জৈবলার্ভানাশকের উৎপাদনের সময়েও উৎপাদকদের সেই কাঁচামাল এবং পণ্যের একই গুণগত মান নিশ্চিত করতে হবে। CIB&RCর জারি করা সংশ্লিষ্ট অনুমোদনের শংসাপত্রে যে সুরক্ষা, গুণগত মান এবং উপকারিতা সম্বন্ধিত শর্তাবলী দেওয়া আছে, উৎপাদক কে সেগুলো পুঙ্খানুপুঙ্খভাবে ভাবে মেনে চলতে হবে।

যে সমস্ত উৎপাদকরা তাদের বিটি জাত জৈবলার্ভানাশক বিশ্বের বাজারে রপ্তানি এবং বিক্রয় করতে চায়, তারা WHO-এর গুণগত মান সংক্রান্ত নির্দেশিকাগুলি রেফার করতে পারে।

গাইডলাইনস ফর কোয়ালিটি কন্ট্রোল অফ পেস্টিসাইড. ইন্টারন্যাশনাল কোড অফ কন্ডাক্ট অন দি ডিস্ট্রিবিউশন অ্যান্ড ইউস অফ পেস্টিসাইড

বিটি জাত জৈবলার্ভানাশক সহ বাহক নিয়ন্ত্রণকারী পণ্য যেগুলো WHO-এর গুণগত মান সংক্রান্ত পূর্ব নির্ধারিত যোগ্যতা সংক্রান্ত নির্দেশিকাগুলি পূরণ করে, সেইগুলি WHO-এর বাহক নিয়ন্ত্রণকারী পণ্যের তালিকায় স্থান পেয়েছে। এই পণ্যগুলি WHO-এর পূর্ব নির্ধারিত তালিকাভুক্ত পণ্য হিসেবেই বর্তমানে পরিচিত (আগে এইটি কে বলা হত WHO পেস্টিসাইড ইভ্যালুয়েশন স্কিম (WHOPES) দ্বারা প্রস্তাবিত)।

- উৎপাদকরা WHO এর ওয়েবসাইট এ বাহক নিয়ন্ত্রণকারী পণ্যের গুণগত মান সংক্রান্ত পূর্ব নির্ধারিত যোগ্যতার পেজ টি দেখতে পারেন।
- WHO -এর এই বাহক নিয়ন্ত্রণকারী পণ্যের তালিকা এবং তাদের বর্তমান পরিস্থিতি WHO - এর ওয়েবসাইট এ পাওয়া যাবে।

DO NOT PRINT

1.2 বিটি জাত জৈবলার্ভানাশকের প্রযুক্তিগত বৈশিষ্টের সাথে সম্মতি

উৎপাদকরা CIB&RCর কাছে অনুমোদনের জন্য পণ্য এবং প্যাকেটজাতকরণের যে বিশিষ্টতা জমা করবে, এবং ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডের (IS) তরফে যে বিশিষ্টতা আসবে এবং বিভিন্ন সময়ে তার যে পরিবর্তন আসবে ও ছাপা হবে, পণ্য এবং প্যাকেটজাতকরণের সময়ে সেই বিশিষ্টতাগুলো মেনে চলতে হবে। উৎপাদককে তাদের পণ্যের IS শংসাপত্রের (IS certification) জন্য ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডের কাছে যেতে হবে। প্রয়োজনীয় বিভিন্ন বৈশিষ্ট্য গুলো হল গঠন, সক্রিয় উপাদান, পরিমাণ, এবং ক্ষমতা ইত্যাদি। এই উপাদানগুলো পণ্য নথিকরণের শংসাপত্রে উল্লিখিত গুণগত মান বজায় রাখার জন্য গুরুত্বপূর্ণ। উৎপাদকরা BIS ওয়েবসাইট থেকে যাবতীয় তথ্য পেতে পারেন। BIS এর ঠিকানা এবং এদের সাথে যোগাযোগের নম্বর **পরিশিষ্ট - 4** এ দেওয়া আছে।

1.3 ট্রিটমেন্ট, পরিবহন ও মজুতদারির পদ্ধতি

কীটনাশক বিধি, 1971[1] এর সাথে সঙ্গতি রেখে কীটনাশক মজুতদারি এবং পরিবহনের জন্য উৎপাদকদের নির্দেশিকা অনুসরণ করতে হবে। যেহেতু কীটনাশকগুলো সাধারণত রেলপথ দ্বারা পরিবহণ করা হয়, তাই কীটনাশকের প্যাকেটগুলোকে রেলমন্ত্রক দ্বারা জারি করা, রেড ট্যারিফ-এ উল্লেখিত শর্তাবলী অনুসারে প্যাকেটজাত করা প্রয়োজন।

সমস্ত কীটনাশক এমনভাবে পরিবহন বা সংরক্ষণ করতে হবে যাতে সেগুলো খাদ্যদ্রব্য বা পশুর খাদ্যের সরাসরি সংস্পর্শে না আসে। কীটনাশকের প্যাকেট অন্যান্য জিনিসপত্র রাখার জায়গা থেকে দূরে অন্য জায়গায় মজুত করা উচিৎ। বিস্তারিত জানার জন্য, উৎপাদকরা **কীটনাশক বিধি, 1971**-এর 7 নম্বর অধ্যায়ে দেখতে পারেন।

1 **Insecticide Rules, 1971** (http://ppqs.gov.in/sites/default/files/insecticides_rules_1971.pdf)

2. বিটি-জাত দ্রব্যের (বিটি জাত জৈবলার্ভানাশকের) রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশিকা

ভারতে বিক্রি/ব্যবহারের জন্য সমস্ত বিটি জাত জৈবলার্ভানাশককে অবশ্যই ভারতের, **কীটনাশক আইন, 1968** এবং **কীটনাশক বিধি, 1971**-এর বিধি অনুসারে কৃষি, সমবায় ও কৃষক কল্যাণ মন্ত্রকের CIB&RCর অধীনে নথিভুক্ত হতে হবে। এই বাধ্যতামূলক নথিভুক্তিকরণ ভারতে বিটি-জাত জৈবলার্ভানাশক উৎপাদকদের পাশাপাশি বিটি-জাত জৈবলার্ভানাশক রপ্তানিকারকদের জন্যও প্রযোজ্য। প্রতিটি উৎপাদক যারা এই দেশে উৎপাদিত পণ্য বিক্রয় বা রপ্তানি করবে কিংবা যারা ভারতে বিটি জাত জৈবলার্ভানাশকের আমদানি করবে তাদের নথিভুক্তিকরণের শংসাপত্র পেতে হলে বিভিন্ন পণ্যের জন্য আলাদা আলাদা আবেদনপত্র জমা করতে হবে। উৎপাদকরা নথিভুক্তির শংসাপত্র পাওয়ার পর, তারা বিটি-জাত জৈবলার্ভানাশকের রেজিস্ট্রেশন হোল্ডার হিসাবে বিবেচিত হবে এবং তাদের নিজের নিজের নথিভুক্তির শংসাপত্রে উল্লেখিত নিয়ম অনুসারে দেশে ও বিদেশে বিক্রির জন্য পণ্যের বাণিজ্যিক নিলামে অংশগ্রহন করতে পারবে।

ভারতে বর্তমানে শুধুমাত্র জনস্বাস্থ্য প্রকল্পেই বিটি-জাত জৈবলার্ভানাশকের ব্যবহার স্বীকৃত। বাইরে খুচরো বাজারে এর ব্যবহার এখনো স্বীকৃত নয়। সেই কারণে, বিটি-জাত জৈবলার্ভানাশকের রেজিস্ট্রেশন হোল্ডাররা CIB&RCর কাছ থেকে নথিভুক্তিকরণের শংসাপত্র পেয়ে গেলে, তাদেরকে নিজেদের বিটি-জাত জৈবলার্ভানাশক, নির্দিষ্ট জনস্বাস্থ্য প্রকল্পে ব্যবহারের জন্য ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোলের (NCVBDC) অন্তর্গত ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামের (NVBDCP) ডিরেক্টরেটের দ্বারস্থ হতে হবে। জাতীয় প্রকল্পে রেজিস্ট্রেশন হোল্ডাররা নিজেদের পণ্য ব্যবহারের অনুমতি পাওয়ার পরেই বাণিজ্যিক নিলামে যোগদান করতে পারবে।

ভারতের জনস্বাস্থ্য প্রকল্প ভারত সরকারের স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রালয়ের একটি যুগপৎ উদ্যোগ, যেটি জনসাধারণের কাছে সাধারণ কথাবার্তায় জাতীয় জনস্বাস্থ্য প্রকল্প হিসেবে পরিচিত। স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ডিরেক্টর জেনারেল অফ হেলথ সার্ভিসেস (DGHS) জাতীয় স্তরে বিভিন্ন প্রকল্প যেমন পরিবারকল্যাণমূলক, কমিউনিকেবেল এবং নন- কমিউনিকেবেল অসুখের সঙ্গে যুক্ত বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত করার পেছনে মুখ্য ভূমিকা পালন করে। ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (NVBDCP) দেশের মধ্যে চালিত বহুমুখী যে জনস্বাস্থ্যমূলক প্রকল্পগুলি বর্তমানে চালু আছে তার মধ্যে অন্যতম একটি প্রকল্প। এই প্রকল্পটি মূলত ম্যালেরিয়া এবং অন্যান্য ভেক্টর জনিত রোগ যেমন ফাইলেরিয়াসিস, কালাজ্বর, ডেঙ্গি এবং জাপানি এনকেফেলাইটিস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করে। ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর ডিরেক্টরেট অফ NVBDCP এই বাহক জনিত রোগের প্রতিরোধ এবং নিয়ন্ত্রণকারী প্রকল্পের রুপায়ণে মুখ্য এজেন্সি হিসেবে কাজ করে।

পণ্যের বৈজ্ঞানিক মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে জনস্বাস্থ্য কর্মসূচির অধীনে দেশে ব্যবহারের জন্য নতুন বিটি-জাত জৈবলার্ভানাশকের সংযোজনের চূড়ান্ত দায়িত্ব NVBDCP-র। জনস্বাস্থ্য কর্মসূচির জন্য বিটি-জাত জৈবলার্ভানাশকগুলি বিভিন্ন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল এবং শহুরে স্থানীয় সংস্থাগুলি দ্বারা সংগ্রহ করা হয় এবং সেই কারণে রেজিস্ট্রেশন হোল্ডারদেরকে সেই সমস্ত সরকারি দপ্তরগুলিতে বিটি-জাত জৈবলার্ভানাশকের সরবরাহ করার জন্য সেই সমস্ত দপ্তরের কেনাবেচার পদ্ধতিগুলোকে অনুসরণ করতে হবে।

NCVBDC এর সাথে যোগাযোগের বিবরণ এবং এদের ঠিকানা **পরিশিষ্ট - 5** এ দেওয়া হয়েছে।

DO NOT PRINT

2.1 NVBDCP এর দ্বারা জনস্বাস্থ্য প্রকল্পে নথিভুক্ত বিটি-জাত জৈবলার্ভানাশকের সংযোজন

NVBDCP নতুন বিটি-জাত জৈবলার্ভানাশকের সংযোজন কিংবা কোন বিটি-জাত জৈবলার্ভানাশককে জনস্বাস্থ্য প্রকল্প থেকে বাদ দেওয়ার সময়ে CIB&RCর কোন পণ্যের নথিভুক্তিকরণ / নথিভুক্তিকরণ হটিয়ে নেওয়া কে মূল ভিত্তি হিসেবে গণ্য করে।

NVBDCPর প্রকল্পে কোন নতুন নথিভুক্ত বিটি-জাত জৈবলার্ভানাশকের সংযোজন করতে হলে, সেই বিটি-জাত জৈবলার্ভানাশকের, জনস্বাস্থ্য প্রকল্পে বাহক নিয়ন্ত্রণে ব্যবহৃত সব কীটনাশকের একই রকম মূল্যায়নের জন্য যে পরিবর্তিত অভিন্ন প্রোটোকল ICMR, NVBDCP এবং NCDC[2] তৈরি করেছে, সেই প্রোটোকল অনুসারে মূল্যায়ন করতে হবে। শুধু তাই নয়, WHO –এর প্রাক গুণগত মান অনুমোদিত বিটি-জাত জৈবলার্ভানাশক সহ যাবতীয় কীটনাশককেও জাতীয় প্রকল্পে সংযোজন করার পূর্বে NVBDCP, বৃহত্তর আকারে এবং বহুমুখী প্রয়োগের মাধ্যমে ভারতীয় পরিস্থিতিতে এর উপযোগিতার মূল্যায়ন করে এবং তার পরেই সেগুলোকে জাতীয় প্রকল্পে অনুমোদন দেয়।

বিটি-জাত জৈবলার্ভানাশকের রেজিস্ট্রেশন হোল্ডারকে, জনস্বাস্থ্য প্রকল্পে বিটি-জাত জৈবলার্ভানাশকের সংযুক্তির জন্য সম্পূর্ণ ডোসিয়ারটাই NVBDCPর কাছে জমা করতে হবে, যার মধ্যে রয়েছে CIB&RCর দ্বারা স্বীকৃত শংসাপত্র, অনুমোদিত লেবেল এবং প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় ধাপের পরীক্ষার রিপোর্ট। জাতীয় জনস্বাস্থ্য প্রকল্পে বিটি-জাত জৈবলার্ভানাশকের সংযুক্তির যে বিভিন্ন ধাপগুলি রয়েছে, সেগুলি NVBDCPর ওয়েবসাইট এ স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি হিসেবে দেওয়া আছে। নিম্নে রূপায়িত চিত্রের মাধ্যমেও তা দেখানো হল। স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়ই এই প্রকল্পে নতুন বিটি-জাত জৈবলার্ভানাশকের সংযুক্তির অনুমোদন দেওয়ার সর্বশেষ এবং সর্বোচ্চ্য কর্তৃপক্ষ।



NVBDCP: National Vector Borne Disease Control Programme
NCDC: National Centre for Disease Control
ICMR: Indian Council for Medical Research
MOH&FW: Ministry of Health and Family Welfare

চিত্র 2. NVBDCP এর অধীনে জনস্বাস্থ্য কর্মসূচিতে বিটি-জাত জৈবলার্ভানাশকের অন্তর্ভুক্ত করার পদক্ষেপ

(উপরোক্ত রূপরেখাটি, ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম এর জনস্বাস্থ্য প্রকল্পে জৈব লার্ভা নাশক সহ অন্যান্য কীটনাশকের সংযুক্তির জন্য তৈরি স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতিতে বিবৃত মূল চার্ট এর ভিত্তিতে পুনরায় আঁকা হয়েছে[3])

2 Revised Common Protocol for Uniform Evaluation of Public Health Pesticides including Bio-larvicides for use in Vector Control (https://nvbdcp.gov.in/WriteReadData/l892s/Revised-Common-Protocol-2014.pdf)

3 Standard Operating Procedure for Introduction of Public Health Pesticides Including Biolarvicides in the National Vector Borne Disease Control Programme (https://nvbdcp.gov.in/Doc/Final%20Interim%20Standard%20Operating%20Procedure%20(SOP)%20%20for%20introduction%20of%20public%20health%20pesticides%20including%20biolarvicides%20in%20the%20NVBDCP.pdf)

DO NOT PRINT

2.2 রেজিস্ট্রেশন হোল্ডারের দ্বারা জনস্বাস্থ্য প্রকল্পের মাধ্যমে বিটি-জাত জৈবলার্ভানাশকের বানিজ্যিকিকরণ

যদি রেজিস্ট্রেশন হোল্ডারের পণ্য জনস্বাস্থ্য প্রকল্পে যুক্ত করা হয়ে থাকে, তাহলে রেজিস্ট্রেশন হোল্ডারকে বিটি-জাত জৈবলার্ভানাশক ক্রয় সংক্রান্ত নিলামের পদ্ধতিটি বুঝতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা যে বিডিং নথিটি জারি করা হয়েছে, রেজিস্ট্রেশন হোল্ডারকে সেটিও খুব ভাল করে পড়ে দেখতে হবে। রেজিস্ট্রেশন হোল্ডার নিলাম সংক্রান্ত যাবতীয় শর্ত পূর্ণ করলে, তবেই নিলামে যোগদান করতে পারবেন। যদি কোনো রেজিস্ট্রেশন হোল্ডার বিডটি জেতেন, তাহলে তাদেরকে নিশ্চিত করতে হবে যে তারা যেন নির্ধারিত সময়মতো প্রয়োজনীয় পরিমাণ সরবরাহ করছে।

নিলামে সফল হওয়া বিডার কে চুক্তি স্বাক্ষর করতে হবে এবং তারপর থেকে **ইন্ডিয়ান কন্ট্রাক্ট অ্যাক্ট, 1872**[4] মেনে চলতে হবে। একটা স্ট্যান্ডার্ড বিডিং নথিতে যাবতীয় প্রয়োজনীয় দরখাস্ত ছাড়া, চুক্তির সাধারণ শর্তাবলী(GCC) এবং চুক্তির বিশেষ শর্তাবলী(SCC) দেওয়া থাকে। বিডিং নথিতে যে প্রযুক্তিগত মাপকাঠি বা বৈশিষ্ট্যের উল্লেখ থাকে,সেগুলো বিডার কে যথাযথভাবে মেনে চলতে হবে।

DO NOT PRINT

4 **Indian Contract Act, 1872** (https://www.indiacode.nic.in/bitstream/123456789/2187/2/A187209.pdf)

3. বিটি-জাত জৈবলার্ভানাশকের ব্যবহারকারীদের জন্য নির্দেশাবলী

ভারতে বিটি-জাত জৈবলার্ভানাশকের সরবরাহ এবং তার ব্যবহার সহ যেকোনো রকমেরই বাহক নিয়ন্ত্রণকারী প্রকল্পের নির্দেশিকা ভারত সরকার জারি করে থাকে। কিন্তু, ভারতে স্বাস্থ্য যেহেতু সংবিধানের রাজ্য তালিকার অন্তর্ভুক্ত, সেই কারণে কোন নির্দিষ্ট এলাকায় বিটি-জাত জৈবলার্ভানাশক পৌঁছে দেওয়া থেকে শুরু করে অন্য যেকোনো প্রকল্পেরই রুপায়নের দায়িত্ব রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চলের উপর বর্তায়। এই নির্দেশাবলীতে বাহক নিয়ন্ত্রণ পদ্ধতির প্রয়োগ, বাহক নিয়ন্ত্রণ প্রকল্পে ব্যবহারের জন্য অনুমোদিত পণ্যের তালিকা, তাদের প্রযুক্তিগত বৈশিষ্ট্য, এবং বিভিন্ন পণ্যের প্রযুক্তিগত প্রয়োজনীয়তা নির্ধারণ ও গণনা করার নিয়মের উল্লেখ আছে।

বিটি-জাত জৈবলার্ভানাশকগুলি খুচরা বাজারে বিক্রির জন্য অনুমোদিত হওয়ায়, বিভিন্ন হাউজিং সোসাইটি, এনজিও এবং অন্যান্য বেসরকারী দলগুলিও বিটি-জাত জৈবলার্ভানাশক ব্যবহার করছে। তাদেরকেও ব্যবহারকারীদের জন্য নির্দিষ্ট নির্দেশিকা সম্পর্কে সচেতন হতে হবে।

- বর্তমান নীতি অনুসারে, রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলি বিটি-জাত জৈবলার্ভানাশকগুলির অধিগ্রহণ ও বিতরণের জন্য তাদেরকে বিকেন্দ্রীভূত আইটেম হিসাবে প্রয়োজনীয় বিটি-জাত জৈবলার্ভানাশকগুলি সংগ্রহ করতে হবে। রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সময়ে সময়ে জারি করা NVBDCPর নির্দেশিকা[5] এবং পরামর্শ অনুসারে তাদের নিজ নিজ ম্যালেরিয়া নির্মূল কর্মসূচিকে সাজাতে হবে। রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে বিটি-জাত জৈবলার্ভানাশক বিতরণ এবং ব্যবহারের সুষ্ঠু বাস্তবায়নের জন্য জেলাগুলিতে (কনসাইনি) পরামর্শমূলক নির্দেশিকা জারি করা উচিৎ।
- NVBDCP শহুরে এলাকায় লার্ভাবিনাশী ব্যবস্থা হিসাবে সমস্ত লার্ভানাশক ব্যবহার করার সুপারিশ করে। NVBDCP লার্ভানাশকের ব্যবহার, ডোজ এবং ফ্রিকোয়েন্সি সম্পর্কে নির্দেশিকা জারি করেছে (অপারেশনাল গাইড লাইন) , যা শহুরে ভেক্টর-বর্ন ডিজিজ স্কিমের চালনার নির্দেশিকাতে[6] উল্লেখ করা যেতে পারে।
- কনসাইনিদের দোকান/গুদামগুলি যেখানে পণ্যগুলি বিভিন্ন প্রান্তে বিতরণের আগে এক জায়গায় করা হবে এবং মজুত করা হবে, তার দায়িত্বে নিযুক্ত থাকতে হবে। দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির জৈবলার্ভানাশক গ্রহণের পদ্ধতি এবং স্পেসিফিকেশন, মেয়াদ শেষ হওয়ার তারিখ, প্রস্তুতকারকের বিশদ, ইত্যাদি অনুসারে পণ্যের গণনা করার পদ্ধতি সম্পর্কে জানা উচিত। কনসাইনিদের উচিত সঠিকভাবে স্টক বজায় রাখা এবং তাদের মেয়াদ শেষ হওয়ার আগে পণ্য বিতরণ করে দেওয়া।
- সংশ্লিষ্ট রাজ্যের সংস্থাগুলিকে, স্প্রেয়ারগুলির খারাপ হয়ে যাওয়া আটকাতে প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থা নেওয়ার সাথে সাথে স্প্রেয়ারগুলির গুণমানও পরীক্ষা করতে হবে। এছাড়াও, স্প্রে কর্মীরা যাতে পিপিই-এর মতো সুরক্ষা ব্যাবস্থা পায় রাজ্যের সংস্থাগুলিকে তা নিশ্চিত করতে হবে।
- স্প্রে কর্মীরা লার্ভার উৎপত্তি স্থলের রক্ষণাবেক্ষণের ও ব্যবস্থা পালন করে। প্রজনন স্থানে স্প্রে করার জন্য স্প্রে কর্মীরা নির্ধারিত স্টক থেকে জৈবলার্ভানাশক নেয়। NVBDCPর সুপারিশ অনুযায়ী জৈবলার্ভানাশকের ব্যবহার-উপযোগী দ্রবণ তৈরি করে প্রস্তাবিত ডোজ প্রস্তাবিত এলাকার প্রজনন স্থানে স্প্রে করে দিতে হয়।
- স্প্রে করার কাজ যাতে অপারেটিং ম্যানুয়ালে নির্ধারিত নিয়ম অনুসারে সঠিকভাবে করা হয় তার জন্য স্থানীয় সরকারী কর্মকর্তাদের তত্ত্বাবধানের প্রয়োজন। রেডি-টু-স্প্রে ফর্মুলেশনের প্রস্তুতি, ডোজ, প্রয়োগের ফ্রিকোয়েন্সি, প্রয়োজনীয় সরঞ্জাম এবং প্রয়োগের জন্য প্রস্তাবিত প্রজননস্থল নির্ধারণ পদ্ধতির বিষয়ে সঠিক তথ্যের জন্য এই কর্মকর্তারা, পণ্যের নথিভুক্তির শংসাপত্র অনুসরণ করতে পারে। স্থানীয় কর্মকর্তাদেরও

DO NOT PRINT

5 Operation Manual for Malaria Elimination in India 2016 (https://nvbdcp.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf)
6 Operational Guidelines for Urban Vector-Borne Diseases Scheme, NVBDCP (https://nvbdcp.punjab.gov.in/Download/OPERATIONAL-GUIDELINES-FOR-URBAN-VBD-SCHEME-2016.pdf)

নিশ্চিত করা উচিত যেন বিটি-জাত জৈবলার্ভানাশকগুলি তাদের মেয়াদ শেষ হওয়ার আগে ব্যবহার করা হয়। এই জৈবলার্ভানাশকগুলি, পানীয় জলের সংগ্রহের আশেপাশে ব্যবহারের জন্য নয়।

- স্প্রে কর্মীদের সঠিক পদ্ধতিতে জৈবলার্ভানাশক ব্যবহার করার জন্য বারবার প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন। স্থানীয় সরকারী কর্মকর্তাদের নিশ্চিত করা উচিত যেন বিটি-জাত জৈবলার্ভানাশকগুলি, উৎপাদকদের দেওয়া পণ্যের লেবেল এবং লিফলেটে উল্লিখিত সতর্কবাণীর সাথে কঠোরভাবে সঙ্গতি রেখে ব্যবহার করা হয়।
- অপারেশনাল গাইডলাইনস ফর আরবান ভেক্টর-বোর্ন ডিজিজেস স্কিম অনুসারে লার্ভানাশক স্প্রে করার মাসিক রিপোর্ট এবং জৈবলার্ভানাশকের স্টকের স্থিতি যথাযথ প্রোফর্মায় রেকর্ড করা উচিত।
- রাজ্যগুলি যেন **সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস, 2016**[7] ও **প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস, 2016**[8] এবং তার সময়ে সময়ে সংশোধিত হওয়া নিয়মানুসারে মেয়াদ উত্তীর্ণ বিটি-জাত জৈবলার্ভানাশক এবং প্লাস্টিক প্যাকেজিং উপকরণগুলির নিরাপদ ভাবে ফেলে দেওয়ার বন্দোবস্ত সম্বন্ধে অবগত থাকে এবং সেই অনুযায়ী একটা প্ল্যান বানিয়ে রাখে। জেলা-স্তরের আধিকারিকদের রাজ্যের নির্দেশিকা অনুসারে মেয়াদোত্তীর্ণ জৈবলার্ভানাশক এবং তাদের প্যাকেজিং উপকরণগুলির সঠিক নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া উচিত।
- ব্যবহারকারীকে বিটি- জৈবলার্ভানাশক ব্যবহারে NVBDCP দ্বারা জারি করা নির্দিষ্ট নির্দেশিকা এবং প্রয়োজনীয় নিরাপত্তা সতর্কতা অনুসরণ করা উচিৎ।
- সরকার, ব্যবহারকারীদের কার্যকরভাবে জৈবলার্ভানাশক ব্যবহার করতে সাহায্য করার জন্য, আচরণের কার্যকরী পরিবর্তনের কর্মসূচী, আলাপআলোচনার কার্যক্রম এবং আন্তঃক্ষেত্রীয় মিলন মিটিং এর মাধ্যমে প্রচার করতে পারে।

DO NOT PRINT

7 **Solid Waste Management Rules, 2016** (https://cpcb.nic.in/uploads/MSW/SWM_2016.pdf)
8 **Plastic Waste Management Rules, 2016** (https://www.egazette.nic.in/WriteReadData/2016/168620.pdf)

পরিশিষ্ট

পরিশিষ্ট–1ঃ ভারতে নতুন প্রকল্প আনবার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ অনুমোদন/ছাড়পত্রের তালিকা

এই তালিকাটি নীচে দেওয়া লিঙ্কে পাওয়া যাবে

https://dipp.gov.in/sites/default/files/approval_clearances_required_for_new_projects.pdf

[শেষ বার 10ই মে 2022 এ দেখা হয়েছিলো]

প্রয়োজনীয় অনুমোদন/ছাড়পত্র	যে দপ্তরের কাছে যেতে হবে এবং কথা বলতে হবে
ব্যবসা নথিকরণ	
কোম্পানির অন্তর্ভুক্তিকরণ	কোম্পানির রেজিস্ট্রার
সূচনা/ রাজ্যে একটি ইউনিট এর নথিকরণ	
নথিকরণ/ আইইএম/ ইন্ডাস্ট্রিয়াল লাইসেন্স	ক্ষুদ্র শিল্পের জন্য জেলা উদ্যোগিক কেন্দ্র/ বৃহৎ এবং মাঝারি শিল্পের জন্য সেক্রেটারিএত অফ ইন্ডাস্ট্রিয়াল অ্যাসিস্ট্যান্স (SIA)
অর্থনীতি	1) স্টেট ফাইনান্সিয়াল কর্পোরেশন/ শর্ত সাপেক্ষ ঋণের জন্য রাজ্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন 2) 15 মিলিয়নের বেশি ঋণের জন্য সর্বভারতীয় অর্থনৈতিক সংস্থা যেমন, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (IDBI), ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট অ্যান্ড ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া (ICICI), ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্স কর্পোরেশন অফ ইন্ডিয়া (IFCI) ইত্যাদি
চালু হবার পূর্বের অধ্যায়ে	
জমি অধিগ্রহণ	স্টেট ডাইরেকটোরেট অফ ইন্ডাস্ট্রিজ (DI)/ স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন (SIDC)/ ইনফ্রাস্ট্রাকচার কর্পোরেশন/ স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন (SSIDC)
জমি ব্যবহারের অনুমতি (যদি ইন্ডাস্ট্রিটি ইন্ডাস্ট্রিয়াল এলাকার বাইরে থাকে)	(রাজ্য DI)/ আঞ্চলিক কর্তৃপক্ষ / জেলা শাসক
লিফট এবং এস্কেলেটরের জন্য অনুমতি	রাজ্যের আঞ্চলিক কর্তৃপক্ষ
বিল্ডিং প্ল্যান অনুমোদন	স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অথরিটি/ স্থানীয় সংস্থা
পরিবেশ, বন এবং বন্যপ্রাণী ছাড়পত্র	প্রকল্পের শ্রেণী অনুসারে, স্টেট এনভায়রনমেন্ট ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট অথরিটি (এসইআইএএ) বা ভারত সরকারের পরিবেশ মন্ত্রক (MoEFCC),
ওয়াটার এবং এয়ার আইন অনুসারে প্রতিষ্ঠা করবার সম্মতি (এনওসি)	রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ড
ফ্যাক্টরি নকশা প্ল্যান অনুমোদন	রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি
অস্থায়ী ফায়ার অনুমোদন	রাজ্য অগ্নি নির্বাপক এবং নিরাপত্তা দপ্তর
বয়লারের অনুমোদন	রাজ্য বয়লার দপ্তর
বিল্ডিং এবং অন্যান্য নির্মাণ আইন (বিওসিডব্লিউ), 1996 অনুসারে নথিভুক্তিকরণ	রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি

DO NOT PRINT

প্রয়োজনীয় অনুমোদন/ছাড়পত্র	যে দপ্তরের কাছে যেতে হবে এবং কথা বলতে হবে
ঠিকা শ্রমিক আইন, 1970 অনুসারে নথিভুক্তিকরণ	রাজ্য শ্রম দপ্তর বা উপযুক্ত স্টেট অথরিটি
	পোস্ট কমিশনিং পর্যায়
বিপজ্জনক ওয়েস্ট এর জন্য অনুমোদন	রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ডের কাছে বিপজ্জনক ওয়েস্ট সংগ্রহ, গ্রহণ, ট্রিটমেন্ট, জমা রাখা এবং তারপর তার নিষ্পত্তির জন্য আবেদনপত্র জমা রাখা
বিল্ডিং সম্পূর্ণ হবার শংসাপত্র	স্টেট ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অথরিটি/ স্থানীয় সংস্থা
সর্বশেষ অগ্নি অনুমোদন	রাজ্য অগ্নি নির্বাপক এবং নিরাপত্তা দপ্তর
সেন্ট্রাল আবগারি নথিভুক্তিকরণ এবং কাস্টমস	সেন্ট্রাল বোর্ড অফ ইন্ডাইরেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমস
বিদ্যুৎ	স্টেট ইলেকট্রিসিটি ডিসট্রিবিউসন কোম্পানি
শপস অ্যান্ড এস্টাব্লিসমেন্ট আইন	রাজ্য শ্রম দপ্তর
জলের সংযোগ	এসআইডিসি/ স্টেট ইন্ডাস্ট্রিয়াল প্রমোশন বোর্ড/ সেচ দপ্তর/ সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার কমিশন
কর্মচারী নথিভুক্তিকরণ	এমপ্লয়ি'স স্টেট ইন্সিওরেন্স কর্পোরেশন (ESIC) এবং এমপ্লয়ি'স প্রভিডেন্ট ফান্ড অরগানাইসেসন (EPFO)
GST নথিভুক্তিকরণ	GST অনলাইন পোর্টাল বা কেন্দ্রীয় সরকার দ্বারা স্থাপিত GST সেবা কেন্দ্র
আমদানি রপ্তানি কোড	ডিরেকটোরেট জেনারেল অফ ফরেন ট্রেড (DGFT), শিল্প এবং বানিজ্য মন্ত্রালয়
পেশাদারি করের নথিভুক্তিকরণ	রাজ্য আয়কর দপ্তর
ট্রেডমার্ক/ ব্র্যান্ড নথিভুক্তিকরণ	অফিস অফ দা কন্ট্রোলার জেনারেল অফ প্যাটেন্টস, ডিসাইন অ্যান্ড ট্রেডমার্কস
কনসেন্ট টু অপারেট	রাজ্য দূষণ নিয়ন্ত্রণ বোর্ড

DO NOT PRINT

পরিশিষ্ট-2 সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটির (CIB&RC) সাথে যোগাযোগের ঠিকানা

সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটি

ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশন, কোয়ারেনটাইন অ্যান্ড স্টোরেজ
কৃষি, সহযোগ এবং কৃষি কল্যাণ দপ্তর
ভারতীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রণালয়
ভারত সরকার
ওল্ড সিজিও কমপ্লেক্স, এন এইচ -4, ফরিদাবাদ, হরিয়ানা - 121001
ওয়েবসাইট: http://ppqs.gov.in/contactus/central-insecticide-board-and-registration-committee-cibrc

যোগাযোগকারী ব্যাক্তির নম্বর

সচিবCIB&RC
Tel: +91-1292413002/1292476210
E-mail: cibsecy@nic.in

পরিশিষ্ট-3

রেজিস্ট্রেসনের আবেদনপত্র জমা দেওয়ার পরে কীটনাশক রেজিস্ট্রেসনের সময়সীমা (**কীটনাশক আইন, 1968 এর ধারা 9 অনুসারে**)

আবেদনের পরে সাধারণত, রেজিস্ট্রেসনের প্রক্রিয়া 12 থেকে 18 মাস সময় নেয় (যদি কোন ডেটার ঘাটতি থাকে তার উপর নির্ভর করে) ।

কীটনাশক আইন, 1968 এর ধারা 9(3) অনুসারে

যেকোনো কীটনাশক নথিভুক্তিকরণের আবেদন জমা হওয়ার পর, কমিটি যাবতীয় অনুসন্ধান চালিয়ে যদি সন্তুষ্ট হয় যে, যে কীটনাশকের জন্য আবেদন জমা করা হয়েছে, তা আমদানিকারক কিংবা উৎপাদকের দাবীর সঙ্গে মিলে যাচ্ছে, অর্থাৎ সেটিতে কীটনাশকের কার্যকারিতা আছে এবং সেটি মানুষ এবং পশু উভয়ের জন্য নিরাপদ, তাহলে নথিভুক্তিকরণ (কিছু নির্দিষ্ট শর্তাবলীর ভিত্তিতে) এবং নির্ধারিত টাকা জমা দেওয়ার পর, আবেদনপত্র জমা দেবার বারো মাসের মধ্যে কীটনাশকটিকে একটি রেজিস্ট্রেশন নম্বর দেবে এবং নথিভুক্তিকরণের শংসাপত্র জারি করবেঃ

কমিটি যদি নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের কাছে জমা দেওয়া কাগজপত্রের ভিত্তিতে কোন সিদ্ধান্তে না পৌছতে পারে, তবে সেক্ষেত্রে সময়সীমা আরও 6 মাস অবধি বাড়ানো যেতে পারে।

পরিশিষ্ট-4

ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড এর সাথে যোগাযোগ করার ঠিকানা

ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড
রুম নম্বর – 560, মানকালয়
9, বাহাদুর শাহ জফার মার্গ
নিউ দিল্লি – 110002
ওয়েবসাইট : https://www.bis.gov.in/
Ph: +91-11-23230131
Email: info@bis.gov.in

পরিশিষ্ট-5

ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) এর যোগাযোগের ঠিকানা

ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল
ডিরেকটরেট জেনারেল অফ হেলথ সার্ভিসেস
স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ভারত সরকার
22, শ্যাম নাথ মার্গ, নিউ দিল্লি – 110054
(ল্যান্ডমার্ক - আই পি কলেজ, সিভিল লাইন মেট্রো স্টেশনের কাছে)
Website: https://nvbdcp.gov.in/
Phone: +91-11-23967745, 23967780
Email: nvbdcp-mohfw@nic.in

DO NOT PRINT

তথ্যসূত্র

1. List of approvals and clearances required for new projects in India provided by the Department for Promotion of Industry and Internal Trade (DPIIT).
   https://dipp.gov.in/sites/default/files/approval_clearances_required_for_new_projects.pdf
   [Last Accessed: 10 May 2022]
2. Steps involved in the regulatory process for establishing a production unit in India are available on the following websites.
   https://www.investindia.gov.in/ [Last Accessed: 10 May 2022]
   https://dipp.gov.in/ [Last Accessed: 10 May 2022]
3. Guidelines for minimum infrastructure to be created by the producers of pesticides and their formulations to meet the requirements for the issue of manufacturing license by licensing authority of the respective states.
   http://ppqs.gov.in/sites/default/files/c12011.doc [Last Accessed: 10 May 2022]
4. (Example) Regulatory requirements for establishing a pesticide manufacturing facility in the State of Maharashtra.
   https://maitri.mahaonline.gov.in/ [Last Accessed: 10 May 2022]
5. General guidelines for registration of insecticides under the Insecticides Act, 1968 are given on the website.
   http://ppqs.gov.in/divisions/central-insecticides-board-registration-ommittee/registration-procedure
   [Last Accessed: 10 May 2022]
6. Guidelines on registration of LLINs under **Section 9(3).**
   http://ppqs.gov.in/sites/default/files/1.142011.doc [Last Accessed: 10 May 2022]
7. Checklist for registration under **Sections 9(3)**.
   http://ppqs.gov.in/divisions/cib-rc/checklist [Last Accessed: 10 May 2022]
8. Good labelling practices for pesticides recommended by World Health Organization (WHO).
   https://www.who.int/publications/i/item/9789241509688 [Last Accessed: 10 May 2022]
9. Recommendations on the Sound Management of Packaging for Long Lasting Insecticidal Nets (LLINs).
   https://apps.who.int/iris/bitstream/handle/10665/338356/WHO-HTM-GMP-MPAC-2014.1-eng.pdf?sequence=1&isAllowed=y [Last Accessed: 10 May 2022]
10. WHO prequalified vector control products.
    https://extranet.who.int/pqweb/vector-control-products/prequalified-product-list
    [Last Accessed: 10 May 2022]
    Prerequisites for prequalification vector control on the WHO website. https://extranet.who.int/pqweb/vector-control-products [Last Accessed: 10 May 2022]
11. **Plastic Waste Rules, 2016.**
    https://www.egazette.nic.in/WriteReadData/2016/168620.pdf
    [Last Accessed: 05 Jan 2022]

DO NOT PRINT

12. **Insecticide Rules, 1971.**
http://ppqs.gov.in/sites/default/files/insecticides_rules_1971.pdf
[Last Accessed: 10 May 2022]

13. Packages containing insecticides shall be packed in accordance with the conditions specified in the Red Tariff, issued by the Ministry of Railways.
https://indianrailways.gov.in/railwayboard/uploads/Download%20File.pdf
[Last Accessed: 10 May 2022]

14. Latest Standard Operating Procedure for introduction of public health pesticides under NVBDCP.
https://nvbdcp.gov.in/Doc/Final%20Interim%20Standard%20Operating%20Procedure%20(SOP)%20%20for%20introduction%20of%20public%20health%20pesticides%20including%20biolarvicides%20in%20the%20NVBDCP.pdf [Last Accessed: 10 May 2022]

15. Sample CMSS bidding document.
http://cmss.gov.in/sites/default/files/Tender%20LLIN-1.pdf [Last Accessed: 10 May 2022]

16. **Indian Contract Act, 1872.**
https://www.indiacode.nic.in/handle/123456789/2187?locale=en [Last Accessed: 10 May 2022]

17. Operation Manual for Malaria Elimination in India 2016.
https://nvbdcp.gov.in/WriteReadData/l892s/5232542721532941542.pdf [Last Accessed: 10 May 2022]

DO NOT PRINT

DO NOT PRINT

DO NOT PRINT

DO NOT PRINT